দৈনিক সংবাদ

DEC. 29 2001

তারিখ ........................
পৃষ্ঠা ১২ কলাম ৫

শিক্ষক নেতৃবৃন্দ

# শিক্ষা প্রতিষ্ঠানে
# দলীয় রাজনীতি
# বাইরে রাখার দা

নিজস্ব বার্তা পরিবেশক : শি
সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ
প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কমি
রাজনৈতিক ব্যক্তিদের অন্তর্ভুক্ত না ক
দাবি জানিয়েছেন। নেতৃবৃন্দ শিক্ষক
জন্য পৃথক জাতীয় বেতন স্কেল প্রব
করার আহ্বান জানান।

গতকাল বৃহস্পতিবার সকালে জা
প্রেসক্লাবে আয়োজিত এক সাংবা
সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ এসব ক
বলেন। সাংবাদিক সম্মেলনে লিখিত বক
পাঠ করেন শিক্ষক সমিতি ফেডারেশ
মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহম
শিক্ষক সমিতির আজিজুল ইসলাম, কলে
শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ
আসাদুল হক, অধ্যক্ষ এ. কে. এ
জহিরুল ইসলাম, উপাধ্যক্ষ আবদুর
মিয়া, উপাধ্যক্ষ নুরুন নবী সিদ্দিকী, অধ্য
বদিউল আলম, অধ্যাপক নজরুল ইসল
খান প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থি
ছিলেন।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, দেশকে সামনে
দিকে এগিয়ে নিতে হলে শিক্ষা প্রতিষ্ঠানে
সন্ত্রাস ও দলীয় রাজনীতি মুক্ত করে
হবে। এ লক্ষ্যে সবাইকে এগিয়ে আসা
আহ্বান জানান তারা।

শিক্ষক সংগঠনের অবস্থান ব্যাখ্যা করতে
গিয়ে নেতৃবৃন্দ বলেন, শিক্ষার উন্নয়ন
শিক্ষকদের অধিকার এবং মর্যাদা প্রতিষ্ঠা
জন্য মতাদর্শ নির্বিশেষে সকল সরকারের
সাথেই আমরা কাজ করার নীতিতে
বিশ্বাসী। সেক্ষেত্রে আলোচনার টেবিলে
সমস্যার সমাধান না হলে প্রয়োজনে
রাজপথে যেতেও আমরা কুণ্ঠাবোধ করব
না।

মেয়াদ শেষ হওয়ার আগেই শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটি ভেঙে দিয়ে অধ্যক্ষ শরিফুল ইসলামকে ট্রাস্টি বোর্ডের সদস্য সচিব করে কল্যাণ ট্রাস্টকে দলীয়করণ করা হয়েছে বলে শিক্ষক নেতৃবৃন্দ অভিযোগ করেন। তবে তারা নতুন কমিটিকে সহযোগিতা করার অঙ্গীকার করেন। শিক্ষক নেতৃবৃন্দ সরকারি শিক্ষক-কর্মচারীদের মতো বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য পেনশন প্রবর্তন করার দাবি জানান।

বিএনপির নির্বাচনী ইশতেহারে শিক্ষকদের বেতন সরকার থেকে ১শ' ভাগ দেয়ার প্রতিশ্রুতি দেয়া হয়েছে—একথা স্মরণ করিয়ে দিয়ে নেতৃবৃন্দ বলেন, আমরা আশা করি সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য আমাদের নতুন করে রাজপথে নামতে হবে না।